

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬১৭

২/ সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ৭৪. সালাতে শেষ রাক'আতে সিজদার পর ইমামের অযু ছুটে গেলে

بَابُ الْإِمَامِ يُحْدِثُ بَعْدَ مَا يَرْفَعُ رَأْسَهُ مِنْ آخِرِ الرَّكْعَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ يُونُسَ، حَدَّثَنَا زُهِيرٌ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ زِيَادٍ بْنُ أَنْعَمَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ رَافِعٍ، وَيَكْرِبْنِ سَوَادَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "إِذَا قَضَى الْإِمَامُ الصَّلَاةَ وَقَعَدَ فَأَحْدَثَ قَبْلَ أَنْ يَتَكَلَّمَ فَقَدْ تَمَّ صَلَاتُهُ وَمَنْ كَانَ خَلْفَهُ مِمَّنْ أَتَمَ الصَّلَاةَ".

- ضعيف -

বাংলা

৬১৭। 'আব্দুল্লাহ ইবনু 'আমর (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতের শেষ পর্যায়ে (শেষ বৈঠকে) বসে কোনরূপ কথা বলার (সালাম ফিরানোর) পূর্বেই যদি ইমামের অযু নষ্ট হয়ে যায়, তাহলে ইমামের সালাত পূর্ণ হয়ে যাবে এবং তার পেছনে সালাত আদায়কারীদেরও সালাত পূর্ণ হয়ে যাবে।[1]

দুর্বল।

English

Narrated Abdullah ibn Amr ibn al-'As:

The Prophet (ﷺ) said: When the Imam completes the prayer and sits (for reciting tashahhud), and then becomes defiled (i.e. his ablution becomes void) before he speaks (to someone), his prayer becomes complete. And those who prayed behind him also complete the prayer.

ফুটনেট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ সালাত, অনুঃ তাশাল্লদে উয়ু নষ্ট হলে, হাঃ ৪০৮), ইমাম তিরমিয়ী বলেন, সনদটি এভাবে মজবুত নয়, এর সনদে ইয়তিরাব হয়েছে), এবং দারাকুতনী (১/৩৯৭) ‘আব্দুর রাহমান সূত্রে, ইমাম দারাকুতনী বলেন, ‘আবদুর রাহমান ইবনু যিয়াদ দুর্বল। তার দ্বারা দলীল গ্রহণ করা যাবে না। হাদীস বিশারদগণ তাকে দুর্বল বলেছেন। যাঁদের মধ্যে ইয়াহইয়া ইবনু সাঈদ আল-কাত্তান ও ইমাম আহমাদ ইবনু হাস্বালও রয়েছেন। ইমাম খাত্বাবী বলেন, এই হাদীসটি দুর্বল।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57935>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন